

B.A. 4th Semester (Honours) Examination, 2022 (CBCS)

Subject: Bengali

Course: CC-10

Time: 3hrs.

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২x১০ =২০

- ক) 'নীলদর্পণ' নাটকের ভূমিকায় লেখক কাদের হাতে নীলদর্পণ অর্পণ করেছেন এবং কী উপায়ে তাঁর নাটক রচনার পরিশ্রম সফল হবে মনে করেছেন?
- খ) 'নীলদর্পণ' নাটকটি প্রকাশের সময় লেখকের নাম কী ছিল? জেমস লং এই নাটকটির ইংরেজি অনুবাদের নাম কী দিয়েছিলেন?
- গ) 'কাঙ্গালের কথা বাসি হ'লে খাটে'—কাঙ্গাল কে? তাঁর কথাটি কী?
- ঘ) 'কি উঠানই ছিল, যেন ঘোড় দৌড়ের মাঠ,'—কাদের উঠানের কথা বলা হয়েছে? তাদের অবস্থা কেমন ছিল সে বিষয়ে আর কী জানা যায়?
- ঙ) 'আমিন সুমুন্দি য্যান বাগ্'—আমিনের নাম কী? সে জোর করে রাইচরণের কোন্ জমিতে নীলের দাগ মারে?
- চ) 'শালা তুমি বড় না-লায়েক আছে।'—কে কেন এ কথা বলেছিল?
- ছ) 'দুটো নাকি দল হয়েছে, মুই আজাদের দলে।'—দুই দলের পরিচয় দাও।
- জ) 'এই আইনটা শ্যামচাঁদের দাদা হইয়াছে।'—কোন আইনের কথা বলা হয়েছে? সেটিকে শ্যামচাঁদের দাদা বলা হয়েছে কেন?
- ঝ) 'আজ বুকের বসন ছিঁড়ে ফেলে' গানটি কোন রাগ ও তালে গাওয়ার নির্দেশ আছে?
- ঞ) ছেলের দলকে ধরার জন্য লক্ষেশ্বর কাদের আদেশ দিয়েছে?
- ট) 'আমি তত বড়ো গর্দভ নই।'—কে কাকে এ কথা বলেছে? কেন বলেছে?
- ঠ) 'নিজেরা দোষ করে আমাকে শাস্তি!'—কারা কী দোষ করেছে? শাস্তিই বা কী?
- ড) 'তোমার কত দিনের ছুটি'—কারা এই প্রশ্ন করেছে? তার ছুটি কত দিনের?
- ঢ) 'ঐ যে গানটা আজ গাইলে ওটা আজ ঠিক হল না।'—বক্তা কে? কোন গানটি কে গাইল?
- ণ) 'দ্বার খুলেছে তাঁর।'—বক্তা কে? কার দ্বার খুলেছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫x৪ =২০

- ক) 'তুই আবাগী কোন্ দিন মজাবি দেকচি।'—কে কাকে এ কথা বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির কারণ বুঝিয়ে দাও।
- খ) 'প্রাণনাথ, অলঙ্কার আগে না শব্দের আগে'—প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।
- গ) 'ঠেকিয়াছ এইবার কায়েতের ঘায়। / বোনাই বাবার বাবা হার মেনে যায়।'—এই উদ্ধৃতির আলোকে কায়েত চরিত্রটির পরিচয় দাও।
- ঘ) 'অত বড়ো লোককে নিয়ে আমার সুবিধে হবে না, আমি ঐকেই চাই।' কে কাকে কেন চান? এই উক্তির আলোকে যাকে চাওয়া হয়েছে সেই চরিত্রটির পরিচয় দাও।

ঙ) ‘আজ এমন হার আনন্দে হেরেছি, কোনো যুদ্ধে এমনটি ঘটতে পারত না।’—কে এ কথা বলেছে? এই হারের তাৎপর্যটি বুঝিয়ে লেখো।

চ) ‘দেখো ঠাকুর, তোমার মন্তর যদি ফিরিয়া না নাও তো ভালো হবে না বলছি।’—কে কাকে কোন মন্ত্র ফিরিয়ে নিতে বলেছে? এই মন্ত্রের ফলে তার কী হয়েছে?

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০x২ =২০

ক) ট্রাজেডির উপাদান যথেষ্ট থাকা সত্ত্বেও ‘নীলদর্পণ’ নাটকটি কেন সার্থক ট্রাজেডি হতে পারেনি তা ব্যাখ্যা করো।

অথবা

ভদ্রেতর চরিত্র নির্মাণে দীনবন্ধু মিত্রের দক্ষতা ‘নীলদর্পণ’ নাটকে কতটা দেখা যায় এই নাটকের চরিত্রগুলি বিচার করে তা প্রমাণ করো।

খ) ‘রাজা হতে গেলে সন্ন্যাসী হওয়া চাই।’—এই উক্তি আলোকে বক্তার চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

‘শারদোৎসব’ নাটকের গানগুলি নাটকের পক্ষে কতটা অপরিহার্য হয়ে উঠতে পেরেছে তা যুক্তিসহ বিশ্লেষণ করে লেখো।